



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ১৪ জুন ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর খিলগাঁওয়ে সুমন জাহিদ কে হত্যা করার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা

শহীদ সাংবাদিক সেলিনা পারভীনের ছেলে সুমন জাহিদকে হত্যা করার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ ও উৎকর্ষা প্রকাশ করছে। তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মানবতাবিরোধী অপরাধের একটি মামলার স্বাক্ষী ছিলেন। আজ ১৪ই জুন রাজধানীর খিলগাঁও থেকে তার লাশ উদ্ধার করা হয়।

এর আগে গত ১০ জুন ২০১৮ তারিখ সোমবার সন্ধ্যায় মুন্সীগঞ্জের উপজেলার সিরাজদিখানে পূর্ব কাকালদী তিন রাস্তার মোড়ে সাংবাদিক, মুক্ত মনা ব্লগার ও লেখক শাহজাহান বাচ্চুকে (৫৫) গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা।

ব্লাস্ট এসব ন্যাকারজনক ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ও ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি স্বাক্ষীদের সুরক্ষা নিশ্চিত করতে আইন প্রণয়নসহ যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানাচ্ছে।

যোগাযোগে:

মাহবুবা আক্তার,

উপ-পরিচালক, এডভোকেসি ও কমিউনিশন, ব্লাস্ট